গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

মাসিকভিত্তিতে পাইপলাইন ক্যাথডিক সিস্টেম মনিটরিং কার্যক্রমের ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | শাহিনা খাতুন<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ০১/০৩/২০২৩ |
| সভার সময় | ১১.৩০ টা |
| স্থান | অনলাইন সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেট |

**২.০ উপস্থাপনা:**

সভাপতি অনলাইন সিস্টেমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম উপস্থাপনের জন্য এ বিভাগের প্রোগ্রামার জনাব মো: মাফরুল আলমকে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় পেট্রোবাংলার অধীন গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) কোম্পানির পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম সংক্রান্ত পরিকল্পিত কাজের ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত সামগ্রিক অবস্থা সম্পর্কে অবহিত করার জন্য কমিটির আজকের সভা আহ্বান করা হয়েছে। তিনি আরও জানান যে, জিটিসিএলের পাইপলাইন ইনটিগ্রিটি ডিপার্টমেন্ট মাসিকভিত্তিতে তাদের পরিচালনাধীন সকল গ্যাস পাইপলাইন ভেন্ডর কোম্পানির মাধ্যমে গুনগত মান ঠিক আছে কিনা তা মনিটরিং এবং কোম্পানীর পরিচালনাধীন পাইপলাইনসমূহের ক্যাথডিক প্রটেকশন (সিপি) সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের একটি মেইনটেন্যান্স রিপোর্ট সামারি প্রস্তুত করে থাকে।

**৩.০ আলোচনা:**

৩.১ জিটিসিএলের উপ-মহাব্যবস্থাপক জনাব মেহেদী মাসুদ বলেন ফেব্রুয়ারি, ২০২৩ মাসের জিটিসিএলের সকল পাইপলাইনের মাসিক রক্ষণাবেক্ষণ এর প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে এবং ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর পার্ট-এ, বি ও সি এর ফেব্রুয়ারি-২০২৩ মাসের রিপোর্ট প্রস্তুত করা হচ্ছে। মাঠ পর্যায়ে তথ্য আহরণ সংক্রান্ত কোন সমস্যা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে। জিটিসিএল কর্তৃক পরিচালিত প্রতিটি পাইপলাইনের টেস্ট পয়েন্ট থেকে রিডিং সংগ্রহ পূর্বক পাইপলাইনসমূহ যথাযথ কার্যরত রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। তিনি আরও জানান, নতুন একটি পাইপলাইন বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম ইন্সটলের জন্য টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি পাইপলাইন ভেন্ডর কোম্পানির সাথে জিটিসিএলের সাথে নিয়মিত সভা অথবা প্রতিবেদনের উপর আলোচনা হয় কিনা জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক জানান যে, মাঠ পর্যায়ে রিডিং নেওয়ার সময় জিটিসিএলের কর্মকর্তা এবং ভেন্ডর কোম্পানির উপস্থিতিতে প্রতিবেদন প্রস্তুত করা হয়ে থাকে। সভাপতি সভায় জানান টাংগাইল জেলার একটি সিপি স্টেশন পরিদর্শনকালে সেখানকার সাইনবোর্ড এবং নাম ফলক তথ্য স্পষ্ট ছিল না। সভাপতি সাইনবোর্ড হালনাগাদ করা এবং ভেন্ডর কোম্পানির সাথে নিয়মিত সভা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জিটিসিএল এর প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন।

৩.২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (অপারেশন-১) জানান যে, ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর মাসিক

প্রতিবেদন নিয়মিতভাবে মনিটরিং কমিটির নিকট প্রেরণ করা প্রয়োজন। তিনি আরও জানান, সিলেটের কয়েকটি সিপি স্টেশন পরিদর্শনকালে কয়েকটি জিনিস লক্ষ্য করেন যে, আউটসোর্সিংয়ের নিয়োজিত কর্মীদের সিপি স্টেশন সম্পর্কে কোন ধারণা নাই, তাদের বেতন ভাতাদি নিয়মিত পরিশোধ করা হয় না এবং সাইনবোর্ডসহ কয়েকটি নামফলক অস্পষ্ট পাওয়া যায়। বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম চালু করার পূর্বে মনিটরিং কমিটি পরিদর্শন করার কথা সভায় উল্লেখ করেন।

৩.৩ সভাপতির অনুমতি ক্রমে জিটিসিএলের জনাব বিপ্লব চন্দ্র দাস জানান যে, মাঠ পর্যায়ের সিপি সিস্টেম মনিটরিং কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে এবং সাইনবোর্ড ও অন্যান্য মেকানিক্যাল মেইনটেনেন্স জিটিসিএল এর অন্য একটি ডিপার্টমেন্ট প্রতি দুই বছর পর পর করা হয়ে থাকে।

৩.৪ সভায় পেট্রোবাংলার উপ-মহাব্যবস্থাপক জনাব নাসিমুল আলীম বলেন যে, পাইপ লাইনের রং ও অন্যান্য মেইনটেনেন্স কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করা প্রয়োজন। থার্ড পার্টির মাধ্যমে সিপি স্টেশন পরিদর্শন করার সময় জিটিসিএল এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতি এবং রিপোর্টে উপস্থিত সদস্যের স্বাক্ষরিত প্রতিবেদন দাখিল হলে সেটা গুরুত্ব পাবে মর্মে সভায় বলেন।

**৪.০ সিদ্ধান্ত**

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম অনলাইন মনিটরিং এর বিষয়ে জিটিসিএল হতে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে; | জিটিসিএল |
| ২ | চট্টগ্রাম জেলার আনোয়ারা-মহেশখালী পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মার্চ,২০২৩ সময়ে মনিটরিং টিম পরিদর্শন করবে; | জিটিসিএল এবং ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম |
| ৩ | ঠিকাদারগণ কর্তৃক সিপি সিস্টেম এর মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে এ বিভাগের মনিটরিং কমিটির নিকট প্রেরণ করতে হবে; | জিটিসিএল |
| ৪ | বগুড়া-রংপুর-সৈয়দপুর এর সিপি সিস্টেম চালু করার পূর্বে মনিটরিং কমিটি সরিজমিনে পরিদর্শন করবে; | জিটিসিএল এবং ক্যাথডিক সিস্টেম মনিটরিং টিম |
| ৫ | সিপি স্টেশনের সাইনবোর্ড হালনাগাদ ও অন্যান্য মেকানিক্যাল সরঞ্জামাদি নিয়মিত তদারকি করতে হবে; | জিটিসিএল |
| ৬ | প্রত্যেকটি সিপি স্টেশনে নিরাপত্তা কার্যক্রম জোরদার করতে হবে; | জিটিসিএল |
| ৭ | মনিটরিং সিস্টেম আরও জোরদার করার লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে জিটিসিএলের নিয়মিত সভা করতে হবে; | জিটিসিএল |
| ৮ | পাইপলাইন লিক ডিটেক্টর ভেহিক্যাল ক্রয় করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | জিটিসিএল |

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শাহিনা খাতুন
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.০৬.০০৩.২২.৩৬ তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯

১৪ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, অপারেশন-১, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৫) মহা-ব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৬) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

৭) উপ-মহাব্যবস্থাপক, পাইপলাইন ইনটিগ্রিটি ডিপার্টমেন্ট, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৮) ব্যবস্থাপক, সিপি মনিটরিং এন্ড মেইনটেনেন্স সেকশন, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

৯) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১০) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

mafrul

মোঃ মাফরুল আলম

প্রোগ্রামার